# <u>সাধারণ বিজ্ঞপ্তি।</u>

তারিখ: ৯ এপ্রিল ২০২৫ ইং

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ARSB নির্বাহী কমিটির ২০ মার্চ ২০২৫ তারিখের বৈঠকে সংগঠনের বর্তমান অসমাপ্ত কাজগুলো সম্পূর্ণ করা এবং গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।
সিদ্ধান্ত সমূহ:

১. যেহেতু সংগঠনের সাধারণ সম্পাদক অনুপ কুমার ভৌমিক কল সাইন S21TV কে স্বেচ্ছাচারিতা, অনিয়ম এবং নানা দুর্নীতির অভিযোগে ইতোমধ্যে বহিষ্কার করা হয়েছে। সেই লক্ষ্যে নির্বাহী কমিটির বৈঠকে সিদ্ধান্ত অনুযায়ী বর্তমানে জনাব মুফিদ কল সাইন S21IM কে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব প্রদান করা হলো। চলতি দায়িত্ব হিসেবে তিনি সংগঠনের পরবর্তী নির্বাচন না হওয়া পর্যন্ত দায়িত্বভার পালন করে যাবেন।

২. যেহেতু সংগঠনের আর্থিক ব্যবস্থাপনা প্রধান কাওনাইন S21CN উচ্চ শিক্ষার্থে বিদেশে অবস্থান করার কারণে তার দায়িত্ব পালন করতে সক্ষম নন। সে কারণে আর্থিক ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বর্তমান নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক জনাব ইশতিয়াক বিন সফিক কল সাইন S21BP কে অর্থ সম্পাদক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি সংগঠনের পরবর্তী  নির্বাচন না হওয়া পর্যন্ত অর্থ সম্পাদক এর দায়িত্বভার পালন করে যাবেন।

৩. নির্বাহী কমিটির সদস্য জনাব শান্ত কল সাইন S21ON তিনি বর্তমানে জার্মানিতে উচ্চশিক্ষার গ্রহণের কারণে সেখানেই বসবাস করছেন। তার অবর্তমানে এই পদে জনাব  জুবায়ের আল বিল্লাল কল সাইন S21BK নির্বাহী কমিটির সিদ্ধান্ত মতে যুক্ত করা হলো। এছাড়া সদস্য জনাব হেনরি সরকার (S21H)  অপ্রত্যাশিত অকাল মৃত্যুর কারণে শূন্য পদে জনাব নিসার আহমেদ কল সাইন S21NS যুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তারা সংগঠনের পরবর্তী নির্বাচনের পূর্ব পর্যন্ত সংগঠনকে গতিশীল করার লক্ষ্যে  তাদের দায়িত্ব পালন করবেন।

৪. দীর্ঘদিন সৈয়দ মঞ্জুর মোরশেদ কল সাইন S21NE অনুপস্থিত থাকার কারণে আব্দুল মুকিত কল সাইন S21GB কে ভারপ্রাপ্ত ইসি সদস্য হিসেবে নিয়োগ করা হলো।

তৌফিক রহমান
সভাপতি
অ্যামেচার রেডিও সোসাইটি বাংলাদেশ

AMATEUR RADIO
SOCIETY
BANGLADESH

173 (2nd floor), Khilgaon Paka Mosjid Market Complex, Dhaka-1219, Bangladesh
+880.9666.73.ARSB (2772)
www.s21arsb.com
GPO Box - 2801, info@s21arsb.com
S21AHQ